



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে আগামী সপ্তাহে নিউ ইয়র্ক শহরের শপিং মলগুলি অর্ধেক ধারণক্ষমতা সহিত খোলার অনুমতি পেয়েছে

মুখের আবরণ, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং অন্যান্য নিরাপত্তার প্রোটোকল মেনে চলা সব সময় প্রয়োজনীয় হবে; কোনো অভ্যন্তরীণ ফুড কোর্ট অনুমোদিত নয়

খোলার আগে অবশ্যই সেখানে এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণের মান বাড়াতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক শহরের শপিং মলগুলো 9ই সেপ্টেম্বর থেকে 50 শতাংশ দখলদারিত্বের সীমা সহিত পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে। যে সকল শপিং মলগুলি পুনরায় খুলতে চায় তাদের কঠোর নিরাপত্তা প্রোটোকল মেনে চলতে হবে, যার মধ্যে রয়েছে কঠোরভাবে মুখের আবরণের ব্যবহার প্রয়োগ করা, সামাজিক দূরত্ব বজায় রাখা, ভিড় এড়ানোর জন্য লোকসংখ্যা, ট্রাফিক প্রবাহ এবং বসার জায়গা নিয়ন্ত্রণ করতে অতিরিক্ত কর্মীদের নিয়োগ করা এবং বর্ধিত পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকল। মলগুলি খোলার আগে তাদের অবশ্যই বর্ধিত এয়ার ফিল্টারেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণের মান নিশ্চিত করতে হবে।

"যদিও এই মহামারী এখনও শেষ হয়নি, আমাদের সংখ্যা ক্রমাগত কম রয়েছে, তাই আমরা জানি পুনরায় খোলার জন্য আমাদের এই পর্যায়ক্রমে, ডেটা-চালিত পদ্ধতিটি সঠিক পদ্ধতি," **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ, যার ফলে আমরা এই ভাইরাসের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের এমন এক পর্যায়ে আছি যেখানে আমরা নিউ ইয়র্ক শহরের শপিং মলগুলো নিরাপদে খুলতে পারি যতক্ষণ তারা কঠোর স্বাস্থ্য এবং সুরক্ষা প্রোটোকল মেনে চলে। মুখের আবরণ, বর্ধিত বায়ু চলাচলের ব্যবস্থা, এবং সামাজিক দূরত্ব বজায় রাখা বাধ্যতামূলক হবে। এটি একটা সুখবর এবং এগিয়ে চলার সঠিক পদক্ষেপ।"

শপিং মলগুলিতে কোনো অভ্যন্তরীণ ডাইনিং, ঘুরে বেড়ানো বা অপ্রয়োজনীয় সমাবেশ অনুমোদিত হবে না।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)